

টেক্সটেক বাংলাদেশ ইন্টারন্যাশনাল এক্সপো ৬-৯ নভেম্বর

- A Monitor Desk Report

Date: 22 October, 2024



ঢাকাঃ দেশের টেক্সটাইল ও গার্মেন্টস শিল্পকে কেন্দ্র করে শুরু হতে যাচ্ছে ২৩তম টেক্সটেক বাংলাদেশ ২০২৪ ইন্টারন্যাশনাল এক্সপো।

রাজধানী ঢাকার পূর্বাচলে বাংলাদেশ-চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টারে আয়োজিত আন্তর্জাতিক এই প্রদর্শনীটি আগামী ৬ নভেম্বর থেকে শুরু হয়ে চলবে ৯ নভেম্বর পর্যন্ত।

প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকবে প্রদর্শনীটি। এর আয়োজন করেছে গার্মেন্টস ও টেক্সটাইল শিল্পের বিভিন্ন পণ্যসামগ্রী ও নিত্য-নতুন প্রযুক্তি প্রদর্শনে কনফারেন্স অ্যান্ড এক্সিবিশন ম্যানেজমেন্ট সার্ভিসেস (সেমস-গ্লোবাল ইউএসএ)।

সোমবার (২১ অক্টোবর) রাজধানীর হোটেল প্যান প্যাসিফিক সোনারগাঁওয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন সেমস-গ্লোবাল ইউএসএ অ্যান্ড এশিয়া প্যাসিফিকের প্রেসিডেন্ট অ্যান্ড গ্রুপ ম্যানেজিং ডিরেক্টর মেহেবুন এন. ইসলাম। এসময় আরও উপস্থিত ছিলেন সেমস-গ্লোবালের সিইও এস. এস. সারওয়ার, সেমস-গ্লোবালের নির্বাহী পরিচালক তানভীর কামরুল ইসলাম এবং সেমস-বাংলাদেশের মার্কেটিং বিভাগের প্রধান মাহমুদ রীয়াদ হাসান।

সংবাদ সম্মেলনে আরও জানানো হয়, এই প্রদর্শনী চলার সময়ে একই সঙ্গে অনুষ্ঠিত হবে ‘২২তম ঢাকা ইন্টারন্যাশনাল ইয়ার্ন অ্যান্ড ফ্যাব্রিক শো ২০২৪ - সামার এডিশন’ এবং ‘৪৩তম ডাই+ক্যাম বাংলাদেশ ২০২৪ ইন্টারন্যাশনাল এক্সপো’।

-B